**যৌথ নদী কমিশন, বাংলাদেশ**
**৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫।**

স্মারক নং-৪২.০৫.০০০০.০০০.০২.০১৫.৯৯-১২৪৮ | তারিখঃ ২৬-১১-২০২৩ খ্রি.

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

সংযুক্ত সিডিউলে বর্ণিত যৌথ নদী কমিশন, বাংলাদেশ দপ্তরের পুরাতন ও অকেজো ঘোষিত কম্পিউটার, অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল নিলামে বিক্রির জন্য সীল গালাবদ্ধ খামে আগ্রহী ক্রেতাগনের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের নির্দিষ্ট সিডিউল অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১২-১২-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত পাওয়া যাবে। নিম্নলিখিত বিধি ও শর্ত মোতাবেক পরিপূর্ণ দরপত্র আগামী ১৩-১২-২০২৩ খ্রি. তারিখ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ১২-৩০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে সরাসরি যোগাযোগ করা যেতে পারে।

### শর্ত ও বিধিসমূহ

১। কাজের সিডিউল সম্বলিত দলিলাদি প্রতি সেট ২০০/- (দুইশত) টাকা মাত্র নগদ অর্থ (অফেরৎ যোগ্য) প্রদান স্বাপেক্ষে অত্র দপ্তরের হিসাব রক্ষক এর নিকট হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

২। দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দরের শতকরা ১০ (দশ) হারে যে কোন সিডিউল ব্যাংকের ড্রাফট/পে-অডার এর মাধ্যমে ফেরতযোগ্য নিরাপত্তা জামানত হিসেবে সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ, ঢাকার বরাবরে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র অসম্পূর্ণ বলে গণ্য হবে।

৩। সিডিউলে উল্লিখিত প্রতিটি আইটেম এর দর একক ভিত্তিতে অংকে এবং কথায় উল্লেখ করে মোট উদ্ধৃত দরের সাথে ৩% (শতকরা তিন) টাকা হারে আয়কর হিসেবে যোগ করে সর্বমোট টাকার পরিমান অংকে এবং কথায় দরপত্রের সিডিউলে পরিস্কারভাবে কাটাকাটি বা ঘষামাজাবিহীনভাবে (দশমিকের পর দুই সংখ্যার বেশী লেখা যাবেনা) পূরণ করতে হবে।

৪। কার্যাদেশ ইস্যুর ৩ (তিন) দিনের মধ্যে সমুদয় টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিয়ে দরপত্র দাতার নিজ দায়িত্বে ও নিজ খরচে অত্র অফিসের প্রতিনিধির উপস্থিতিতে সম্পূর্ণ মালামাল গ্রহণ করে অফিসের স্থান খালি করে দিতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। এ ব্যাপারে কোন রকম অযুহাত গ্রহণ যোগ্য হবে না।

৫। আগ্রহী ক্রেতাগণ অফিস চলাকালীন সময়ে নিলাম যোগ্য মালামালসমূহ সরেজমিনে প্রত্যক্ষ করতে পারবেন।

৬। সফল দরদাতা মালামালের গুনাগুণ সম্পর্কে পরবর্তিতে কোনরূপ আপত্তি করলে তা বিবেচিত হবে না।

৭। নিম্নস্বাক্ষরকারী কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৮। দরপত্রের সাথে দরদাতার পাসপোর্ট সাইজের ১ কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

স্বাক্ষরিত/-
(ড. মোহাম্মদ আবুল হোসেন)
সদস্য
যৌথ নদী কমিশন, বাংলাদেশ।

স্মারক নং-৪২.০৫.০০০০.০০০.০২.০১৫.৯৯-১২৪৮/১(৭) | তারিখঃ ২৬-১১-২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/নকশা/পানি বিজ্ঞান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা (নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল ১/২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা (নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৩। পরিচালক, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা (নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৪। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ ১/২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা (নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৫। জনাব মোঃ আল-আমিন কবির ভূঁইয়া, নির্বাহী প্রকৌশলী (পানি), ওয়ারপো, ঢাকা।

৬। নোটিশ বোর্ড/ওয়েব সাইট

৭। অফিস কপি।

২৬/১১/২৩

(ড. মোহাম্মদ আবুল হোসেন)
সদস্য
যৌথ নদী কমিশন, বাংলাদেশ।